যুগান্তর

তারিখ 18 JAN 2015
পৃষ্ঠা ২৭ কলাম ৪

ছাত্র ইউনিয়নের সংবাদ সম্মেলন

# রাঙ্গামাটিতে সর্বদলীয় ছাত্র ঐক্য নামে কোনো জোট হয়নি

**রাঙ্গামাটি প্রতিনিধি**

১৬ জানুয়ারি ঢাকার শাহবাগে নাগরিক সমাজের ব্যানারে অনুষ্ঠিত সমাবেশে বিলি করা এক লিফলেটে মেডিকেল কলেজ এবং বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় চালুর দাবিতে রাঙ্গামাটিতে সর্বদলীয় ছাত্র ঐক্য জোট নাম উল্লেখ করে সেখানে রাঙ্গামাটি জেলা ছাত্র ইউনিয়নকে জড়ানোর জন্য সংগঠনের পক্ষে তার তীব্র প্রতিবাদ জানানো হয়েছে। শনিবার সকালে শহরের ড্রিমল্যান্ড নামক এক রেস্টুরেন্টে আহূত সংবাদ সম্মেলনে লিখিত প্রতিবাদ পাঠ করা হয়। এতে বলা হয়েছে, ওই উদ্দেশ্যে রাঙ্গামাটিতে কোনো রকম ছাত্র ঐক্য জোট গঠিত হয়নি। সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন জেলা ছাত্র ইউনিয়নের সাধারণ সম্পাদক অভিজিৎ বড়ুয়া, অর্থ সম্পাদক মিলিন্দ তঞ্চঙ্গ্যা, সাংগঠনিক সম্পাদক মিঙ দে, দফতর সম্পাদক কাজী সাদ্দাম হোসেন, সহসম্পাদক সুজন বড়ুয়া, শিক্ষা ও গবেষণা সম্পাদক তুষার ধর প্রমুখ। লিখিত বক্তব্যে জেলা ছাত্র ইউনিয়নের সৈকত রঞ্জন চৌধুরী বলেন, আমাদের প্রগতিশীল আন্দোলনকে প্রশ্নবিদ্ধ করতে একটি কুচক্রী মহল ষড়যন্ত্রে লিপ্ত হয়েছে। ওইদিন শাহবাগে নাগরিক সমাজ নামে এক সমাবেশ করে সেখানে একটি লিফলেট প্রকাশ করা হয়, যাতে ছাত্র ইউনিয়ন সম্পর্কে বিভ্রান্তিমূলক কথা বলা হয়।